৯৫

তারিখ 25 AUG 1988
পৃষ্ঠা 7 কলাম 5

দৈনিক সংবাদ

রাজশাহী মেডিক্যাল কলেজ

# অধ্যক্ষের পদত্যাগের দাবীতে ছাত্রদের বিক্ষোভ

রাজশাহী, ২৪শে আগষ্ট (নিজস্ব সংবাদদাতার ফোন)।- রাজশাহী মেডিক্যাল কলেজের ছাত্ররা কলেজ অধ্যক্ষের পদত্যাগের দাবীতে আজ সকালে তার কক্ষে তালা ঝুলিয়ে দিয়েছে।

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## রাজশাহী মেডিক্যাল কলেজ

(১ম পাতার পর)

গতকাল দুপুরে কলেজ ছাত্র সংসদের সহ-সভাপতি ও সাধারণ সম্পাদক অধ্যক্ষের কাছে 'সন্ধানীর' পক্ষ থেকে জহির রায়হানের 'ষ্টপ জেনোসাইড' ছবিটি প্রদর্শনের জন্য কলেজ গ্যালারী ব্যবহারের অনুমতি চাইতে গেলে অধ্যক্ষের সঙ্গে তাদের বচসা হয়। এক পর্যায়ে অধ্যক্ষ ছাত্র সংসদ নেতাদের কক্ষ থেকে বের করে দেন। ঘটনার প্রতিবাদে মেডিক্যাল কলেজ কাম্পাসে বিক্ষোভ মিছিল বের করা হয়। এছাড়া অধ্যক্ষের বিরুদ্ধে ছাত্র সংসদের পক্ষ থেকে থানায় একটি মামলাও দায়ের করা হয়।

এরপর ছাত্ররা অধ্যক্ষের পদত্যাগের দাবীতে তার কক্ষে তালা ঝুলিয়ে দেয়।

কলেজ গেটে পুলিশ মোতায়েন করা হয়েছে। ছাত্র সংগ্রাম পরিষদ অধ্যক্ষের পদত্যাগের দাবীতে আগামী শনিবার কলেজে প্রতীক ধর্মঘট আহ্বান করেছে।

**ছাত্র সংসদের অভিযোগ**

রাজশাহী মেডিক্যাল কলেজ ছাত্র সংসদের সহ-সভাপতি সাঈদ হোসেন ও সাধারণ সম্পাদক পিনাকী ভট্টাচার্য এক যুক্ত বিবৃতিতে অভিযোগ করেছেন যে, কলেজ অধ্যক্ষ অধ্যাপক এ, কে শামসুদ্দিন সিদ্দিকী তাঁর দায়িত্ব গ্রহণের পর থেকেই স্বাধীনতা-বিরোধী সাম্প্রদায়িক সংগঠনের প্রতি পক্ষপাতিত্ব করে আসছেন।